Aladdin
Avjvw`b
২৯-০৬ ৩৬ এভিনিউ
এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬ Aladdin Tel: 718-784-2554

## ডালাসে আইস দপ্তরে গুলিবর্ষণ
# উদ্দেশ্য এজেন্টদের মধ্যে আতঙ্ক ছড়ানো

**বাংলা পত্রিকা রিপোর্ট:** ডালাসে আইস দপ্তরে ফেডারেল গভর্মেন্ট এর প্রতি ঘৃণার কারণে এবং এজেন্টদের মধ্যে *৬-এর পৃষ্ঠায় দেখুন*

# ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন, চলবে সংস্কারও
## জাতিসংঘ অধিবেশনে প্রধান উপদেষ্টা ড. ইউনূস

**বাংলা পত্রিকা রিপোর্ট:** আগামী ফেব্রুয়ারিতেই অনুষ্ঠিত হতে যাচ্ছে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন। জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনে দাঁড়িয়ে এই ঘোষণা দিয়েছেন বাংলাদেশের প্রধান উপদেষ্টা ও শান্তিতে নোবেলজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূস। একইসঙ্গে তিনি আশ্বস্ত করেছেন, নির্বাচন প্রক্রিয়ার পাশাপাশি সংস্কার কার্যক্রমও চলমান থাকবে– যাতে রাষ্ট্রের ভাঙা কাঠামোকে পুনর্গঠন করে ন্যায়ভিত্তিক ও *৬-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর
The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika
■ Vol. 29 ॥ Issue 51 / September 29, 2025, USA. Free in NY, Other State $1
বর্ষ ৩০ ॥ সংখ্যা ০১ ॥ সোমবার, সেপ্টেম্বর ২৯, ২০২৫, আশ্বিন ১৪, ১৪৩২ ॥ রবিউস সানি ০৬, ১৪৪৭

## নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশীদের সমাবেশে ড. মুহাম্মদ ইউনূস
# দেশের অর্থনীতিকে বাঁচিয়ে রেখেছে প্রবাসীরা



**বিশেষ প্রতিনিধি:** বাংলাদেশের অন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস প্রবাসী বাংলাদেশীদের ভূমিকার প্রশংসা করে বলেছেন, জুলাই গণঅভ্যুত্থানের পর প্রবাসীদের পাঠানো রেমিট্যান্স দেশের অর্থনীতিকে বাঁচিয়ে রেখেছে। তিনি বলেন, 'আমাদের অর্থনীতি একেবারে নিচে নেমে গিয়েছিল। আপনাদের রেমিট্যান্সই তা বাঁচিয়েছে। অর্থনীতিকে শক্তিশালী করার পেছনে আপনাদের রেমিট্যান্সই মূল চালিকা শক্তি।' শনিবার ম্যানহাটনের নিউইয়র্ক মেরিয়ট মার্কুইসে (১৫৩৫ *৫-এর পৃষ্ঠায় দেখুন*

## নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচন
# অবশেষে মেয়র নির্বাচন থেকে সরে দাঁড়ালেন এরিক অ্যাডামস



**বাংলা পত্রিকা রিপোর্ট:** নানা বিতর্ক আর জল্পনা-কল্পনার পর অবশেষে নিউইয়র্ক সিটির নির্বাচনের দৌড় থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দিয়েছেন মেয়র এরিক অ্যাডামস। রবিবার এরিক অ্যাডামস সামাজিক যোগাযোগ মাধ্যমে তাঁর নিজস্ব এক্স একাউন্টে এক ভিডিও বার্তায় এ ঘোষণা দেন । মাত্র কয়েক দিন আগেই তিনি ঘোষণা দিয়েছিলেন, তিনি নির্বাচন থেকে সরে যাবেন না। কিন্তু শেষ পর্যন্ত চাপের মুখে তাকে সরে দাঁড়াতেই হলো।

ভিডিও বার্তায় অ্যাডামস বলেন, সিটির অপরাধ কমানোসহ নানা সাফল্য নিয়ে তিনি গর্বিত। কিন্তু ক্রমাগত জল্পনা-কল্পনা আর সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডের অর্থ সহায়তা প্রত্যাহারের পর তার পক্ষে আর প্রতিযোগিতা চালিয়ে যাওয়া সম্ভব নয়। *৬-এর পৃষ্ঠায় দেখুন*

## কমিউনিটিকে ক্ষমতায়নের প্রত্যয়
# টাইম টেলিভিশন-বাংলা পত্রিকা'র প্রতিষ্ঠাবার্ষিকী

**বাংলা পত্রিকা রিপোর্ট:** জমজমাট আয়োজনে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন হয়েছে। গত ২০-২১ সেপ্টেম্বর শনি ও রোববার নিউইয়র্ক সিটির এস্টোরিয়া ওয়ার্ল্ড ম্যানরের গ্র্যান্ড বলরুমে দু'দিন ব্যাপী আয়োজিত অনুষ্ঠানে মূলধারার রাজনীতিবিদ, কমিউনিটি নেতৃবৃন্দ ও ব্যবসায়ী সহ সর্বস্তরের মানুষের শুভেচ্ছায় আবারও সিক্ত হলো মিডিয়া দুটি। প্রতিষ্ঠাবার্ষিকীতে আমেরিকার রাজনীতিতে কমিউনিটির ক্ষমতায়নে টাইম টেলিভিশন-বাংলা পত্রিকা কাজ করে যাবে বলে প্রত্যয় ব্যক্ত করেন আমন্ত্রিত অতিথিরা। প্রতিষ্ঠাবার্ষিকীর নানা আয়োজনের মধ্যে ছিলো সেমিনার, শুভেচ্ছা বিনিময়, *৭-এর পৃষ্ঠায় দেখুন*



যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন

EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন

▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

নিউইয়র্কে ইমিগ্রেশন কোর্টে নারীকে হেনস্তা
আইস এজেন্টকে অব্যাহতি
বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে ইমিগ্রেশন কোর্টের করিরোডে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এজেন্ট কর্মকর্তা এক নারীকে মাটিতে ফেলে হেনস্তা করার ঘটনায় তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে।
এ ঘটনার পর ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) এর ওই কর্মকর্তাকে দায়িত্ব থেকে সরিয়ে দিয়েছে হোমল্যান্ড সিকিউরিটি মন্ত্রণালয়। শুক্রবার এক বিবৃতিতে সহকারী ৬-এর পৃষ্ঠায় দেখুন

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮

Nurul Azim
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828

MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

### বৃহত্তর নোয়াখালী সোসাইটি নির্বাচন-২০২৫

# বিনা প্রতিদ্বন্দ্বিতায় নতুন কমিটি : জাহিদ মিন্টু সভাপতি মাইন উদ্দীন পিন্টু সম্পাদক





**নিউইয়র্ক (ইউএনএ):** বাংলাদেশের নোয়াখালী, ফেনী ও লক্ষীপুর জেলার প্রবাসী বাংলাদেশীদের সামাজিক সংগঠন বৃহত্তর নোয়াখালী সোসাইটি ইউএসএ'র নির্বাচনে সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক জাহিদ মিন্টু সভাপতি ও এএসএম মাঈন উদ্দীন পিন্টু সহ কার্যকরী কমিটির ১৭জন কর্মকর্তা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচত হয়েছেন। আগামী ২৬ অক্টোবর, রোববার এই সংগঠনের নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিলো। কিন্তু নির্বাচনে চুড়ান্ত পর্যায়ে কোন প্রতিদ্বন্দ্বি প্রার্থী না থাকায় নির্বাচন কমিশন বেসরকারীভাবে তাদেরকে নির্বাচিত ঘোষণা করেন। খবর ইউএনএ'র।

জানা যায়, গত ২১ সেপ্টেম্বর ছিলো বৃহত্তর নোয়াখালী সোসাইটি নির্বাচনের মনোনয়নপত্র বিতরণ, ২৩ সেপ্টেম্বর ছিলো মনোনয়নপত্র দাখিল এবং ২৪ সেপ্টেম্বর ছিলো মনোনয়নপত্র বাছাই আর ২৫ সেপ্টেম্বর মনোনয়নপত্র প্রত্যাহার এবং ২৬ সেপ্টেম্বর ছিলো প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ।

প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ সোহেল জানান, সোসাইটির নির্বাচন ঘিরে মনোনয়নপত্র দাখিলের দিন শুধুমাত্র সভাপতি পদে দুজনের মনোনয়নপত্র আর অন্যান্য পদে একটি করে মনোনয়নপত্র দাখিল করা হয়। সভাপতি পদে জাহিদ মিন্টু ও আওলাদ হোসেন নামের একজন সদস্যও মনোনয়নপত্র দাখিল করেন। পরবর্তীতে মনোনয়নপত্র প্রত্যাহারের দিন আওলাদ হোসেন তার মনোনয়নপত্র প্রত্যাহার করে নিলে সংগঠনের কার্যকরী পরিষদের ১৭টি পদের সকল প্রার্থীকে ২৬ সেপ্টেম্বর বেসরকারীভাবে নির্বাচিত করে ফলাফল ঘোষণা করা হয়।

সংগঠনের ৫ সদস্যের নির্বাচন কমিশনের অন্য সদস্যরা হলেন- মোহাম্মদ আব্দুল মান্নান, মোহাম্মদ ফারুক আহমেদ, এ কে এম ইব্রাহীম চৌধুরী ও মোহাম্মদ মোস্তাক হোসেন মোশারফ।

বৃহত্তর নোয়াখালী সোসাইটি সোসাইটির নির্বাচনে বিজয়ী কর্মকর্তারা হলেন: সভাপতি- জাহিদ মিন্টু, সহ সভাপতি- মোহাম্মদ টি মিয়া ও এনামুল হক, সাধারণ সম্পাদক- এএসএম মাঈন উদ্দীন পিন্টু, সহ-সাধারণ সম্পাদক- সালেহ এ চৌধুরী, অর্থ সম্পাদক- নজরুল ইসলাম, সহ-অর্থ সম্পাদক- জামাল উদ্দিন, সাংগঠনিক সম্পাদক- মোহাম্মদ নূরুল ইসলাম, প্রচার সম্পাদক- মাহমুদুল হাসান, ধর্ম ও সমাজকল্যাণ সম্পাদক- মুহাম্মদ মঞ্জুরুল করীম, ক্রীড়া-শিক্ষা ও সংস্কৃতি সম্পাদক- মোহাম্মদ আব্দুর রহমান, দপ্তর সম্পাদক- মোহাম্মদ রেজাউল হক এবং কার্যকরী পরিষদ সদস্য (৫জন)- আনোয়ারুল আজীম, এম হাসানুজ্জামান, এএস মাইন উদ্দীন, মাহমুদুল হক ও ইকবাল হোসাইন।

উল্লেখ্য, নোয়াখারী সোসাইটির গঠনতন্ত্র সংশোধনের কারণে নির্বাচিত কার্যকরী কমিটির মেয়াদকাল তিন বছর বছরের স্থলে চার বছর হবে এবং ২০২৬ সালের ১ জানুয়ারী থেকে এই কমিটির সময়কাল শুরু হবে। যুক্তরাষ্ট্রে প্রায় অর্ধ লক্ষ বৃহত্তর নোয়াখালীবাসী বসবাস করলেও সোসাইটির সদস্য রয়েছেন প্রায় ৭ হাজার। এদের মধ্যে এবারের নির্বাচন ঘিরে বকেয়া চাঁদা পরিশোধ করে হালনাগাদ ভোটার হয়েছিলেন ২ হাজার ৪০৬ জন।



# প্রধান উপদেষ্টার সঙ্গে প্রয়াত এনওয়াইপিডি কর্মকর্তা দিদারুলের পরিবারের সাক্ষাৎ

**বাংলা পত্রিকা রিপোর্টঃ** প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেছেন নিউইয়র্কে বন্দুকধারীর হামলায় নিহত বাংলাদেশি বংশোদ্ভূত এনওয়াইপিডি পুলিশ কর্মকর্তা দিদারুল ইসলামের পরিবারের সদস্যরা। প্রধান উপদেষ্টা পরিবারটির প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

স্থানীয় সময় সোমবার রাতে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের একটি হোটেলে প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেন দিদারুলের পরিবারের সদস্যরা। এ সময় দিদারুলের প্রতি সম্মাননাস্বরূপ পরিবারের সদস্যদের হাতে ক্রেস্ট তুলে দেন প্রধান উপদেষ্টা। প্রধান উপদেষ্টার ভেরিফায়েড ফেসবুক পেজে এই তথ্য জানানো হয়।

সাক্ষাতে উপস্থিত ছিলেন দিদারুলের বাবা মোহাম্মদ আবদুর রব, মা মিনারা বেগম, দুই ছেলে আয়হান ইসলাম ও আজহান ইসলাম, ভাই কামরুল হাসান, ভাইয়ের ছেলে আদিয়ান হাসান, বোন নাদিমা বেগম ও চাচা আহমেদ জামাল উদ্দিন। পাশাপাশি উপস্থিত ছিলেন প্রধান উপদেষ্টার সফরসঙ্গী জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্যসচিব আখতার হোসেন ও যুগ্ম আহ্বায়ক তাসনিম জারা।



# হোম কেয়ার সার্ভিস (CDPAP) নিতে চান?



Bestcare
Home care, your care.

আমরা বাংলায় কথা বলি

PPL & NYS
DEPARTMENT OF HEALTH
অনুমোদিত
CDPAP - FACILITATOR

১৯৮১ সাল থেকে স্বাস্থ্যসেবায় কমিউনিটির সাথে আছি

আজই যোগাযোগ করুন - (516) 731-7808

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756
Email: cdpap@bestcare.com

| Nassau | Queens | Bronx | Staten Island | Suffolk | Manhattan | Brooklyn |
|---|---|---|---|---|---|---|
| 50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550 | 70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375 | 4119 White Plains Road Bronx, NY 10466 | 60 Bay Street Suite 506 Staten Island, NY 10301 | 97 West Main Street Bayshore, NY 11706 | 260 West 36th Street Suite 400 New York, NY 10018 | 1781 Flatbush Avenue 2nd Floor Brooklyn, NY 11210 |


# কুইন্স লাইব্রেরিতে কবি কাজী জহিরকে নিয়ে অনুষ্ঠান

**নিউইয়র্কঃ** নিউইয়র্ক সিটির কুইন্স পাবলিক লাইব্রেরি বাংলা ভাষার লেখক ও কবি কাজী জহিরুল ইসলামকে নিয়ে আয়োজন করে অথর্স টক এবং বুক সাইনিং অনুষ্ঠান। গত ২০ সেপ্টেম্বর শনিবার দুপুর ২টায় ফ্লাশিংয়ের আই আর সি ভবনের সভাককক্ষে অনুষ্ঠিত হয় । শুরুতে লাইব্রেরি ম্যানেজার কিলুসান বাউতিস্তা স্বাগত বক্তব্য রাখেন।

মূল সাক্ষাৎকার শেষ হলে শুরু হয় দর্শকদের প্রশ্নোত্তর পর্ব। এই পর্বে বিভিন্ন দেশের শ্রোতা দর্শক শিল্প-সাহিত্যের নানান দিক নিয়ে প্রশ্ন করেন। লেখক অত্যন্ত ধৈর্যের সঙ্গে প্রতিটি প্রশ্নের উত্তর দেন। উত্তর দিতে গিয়ে তিনি নানান গল্পের অবতারনা করেন যা দর্শকরা দারুণ উপভোগ করেন। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, পৃথিবীর মানুষ অর্থ ও ক্ষমতাকে সম্মান করে বলে সকলেই বিত্ত ও ক্ষমতা অর্জনের চেষ্টা করে। যদি আমরা সৎ মানুষকে,নৈতিক মানুষকে সম্মানের আসনে বসাতাম তাহলে সবাই সততা ও নৈতিকতা অর্জনের চেষ্টা করত। পৃথিবী ভুল পথে হাঁটছে, এই প্যারাডাইমটা বদলে দিতে হবে। আর্কাইভিংয়ের জন্য ইংরেজি ভাষায় আয়োজিত পুরো অনুষ্ঠানটি রেকর্ড করে কুইন্স পাবলিক লাইব্রেরি।






কাজী জহিরুল ইসলাম সমকালীন বাংলা সাহিত্যের একজন গুরুত্বপূর্ণ কবি, কথাশিল্পী এবং একজন পাবলিক ইন্টেলেকচুয়াল। তিনি ৯৬টি গ্রন্থের প্রণেতা এবং বাংলা সাহিত্যে ক্রিয়াপদহীন কবিতার প্রবর্তক। কবিতায় বিশ্বশান্তি ও আধ্যাত্মিক জাগরণের জন্য ২০২৩ সালে শ্রী চিন্ময় সেন্টার, নিউইয়র্ক কর্তৃক আন্তর্জাতিক স্বীকৃতি "পিস রান টর্চ বিয়ারার অ্যাওয়ার্ড" লাভ করেন। এ-ছাড়া বাংলাদেশ থেকে কবি জসীম উদদীন পুরস্কার, নিউইয়র্ক থেকে ড্রিম ফাউন্ডেশন সম্মাননা, গ্রেস ফাউন্ডেশন পুরস্কার, কোয়ান্টাম ফাউন্ডেশন সম্মাননা, ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই সম্মাননা, ক্যালিফোর্নিয়া থেকে জেসমিন খান এওয়ার্ড, ভারত থেকে রসমতি সম্মাননা, ডালাস থেকে যুক্তরাষ্ট্রের স্বাধীনতা দিবস পুরস্কারসহ দেশে বিদেশে অসংখ্য পুরস্কার ও সম্মাননায় ভূষিত হয়েছেন।

কবি আল মাহমুদ তার কবিতার বিষয়ে তিনটি প্রবন্ধ লিখেছেন, তাকে উদ্দেশ্য করে কবি আল মাহমুদের লেখেন, 'বাংলা ভাষার শ্রেষ্ঠ কবিতা-প্রতিভাকে আমি প্রবাসে দেখতে পাচ্ছি'। তিনি কাজী জহিরুল ইসলামের চিত্রকল্প নির্মাণ ও ছন্দ-শৈলির প্রশংসা করেন। কবি আবদুল মান্নান সৈয়দ লেখেন, 'জিজীবিষা এবং ইতিবাচকতা, শেষ পর্যন্ত কাজী জহিরুল ইসলাম সপ্রেম দৃষ্টিতেই তাকিয়েছেন জীবন ও পৃথিবীর দিকে"। ৫০ তম জন্মদিনে আয়োজিত "সুবর্ণ অভিবাদন" অনুষ্ঠানে কাজী জহিরুল ইসলামের জীবন ও কর্মের ওপর চার শতাধিক পৃষ্ঠার এক গ্রন্থ প্রকাশিত হয়।

"অর্ধশতকের উপাখ্যান" শিরোনামের ওই গ্রন্থটি সম্পাদনা করেন কবি ও সাংবাদিক ড. মাহবুব হাসান। কাজী জহিরুল ইসলামের কবিতা নিয়ে বহু তরুণ, প্রবীন গবেষণা করছেন, সোহেল মাহমুদ রচিত "কাজী জহিরুল ইসলামের নির্বাচিত ৩০ কবিতা ও বিশ্লেষণ" এবং আবু তাহের সরফরাজ রচিত "কাজী জহিরুল ইসলামের কবিতা শৈল্পিক সৌন্দর্য ও কৃৎকৌশল" এই অক্টোবরেই বাজারে আসছে।

তার কবিতা উড়িয়া, সার্বিয়ান, আলবেনিয়ান, ইংরেজিসহ বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে। অর্ধশতাধিক দেশ ভ্রমণের অভিজ্ঞতা তার ঝুলিতে। পেশাগত ভাবে তিনি জাতিসংঘ সদর দফতরের একজন আন্তর্জাতিক কর্মকর্তা। "শুদ্ধ শিল্পের নিবিড় চর্চা" এই স্লোগানকে সামনে রেখে এক যুগ আগে তিনি তৈরি করেন শিল্প-সাহিত্যের সংগঠন উনবাঙাল, যে সংগঠনটি আজ নিউইয়র্কের একটি অন্যতম সাংস্কৃতিক প্লাটফর্ম।



The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

## জাতিসংঘে প্রধান উপদেষ্টার ভাষণ

# নির্বাচন ও সংস্কার নিয়ে স্পষ্ট বার্তা

জাতিসংঘের সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জাতীয় নির্বাচনের ব্যাপারে যে প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন, সেটা জোরালো ও তাৎপর্যপূর্ণ বলেই প্রতীয়মান হয়। জাতিসংঘের মতো সর্বোচ্চ বৈশ্বিক ফোরামে দাঁড়িয়ে তিনি যখন ফেব্রুয়ারিতেই নির্বাচনের প্রস্তুতির কথা জানিয়ে আসেন, তখন এ নিয়ে সংশয়ের আর কোনো অবকাশ থাকার সুযোগ নেই। ভাষণে তিনি অন্তর্বর্তী সরকারের গৃহীত নানা পদক্ষেপ ও সংস্কার উদ্যোগ, রোহিঙ্গা সংকট, বাণিজ্যযুদ্ধ, জলবায়ু সংকট, গাজা যুদ্ধসহ আঞ্চলিক এবং বৈশ্বিক সমস্যা নিয়ে কথা বলেন, সংকট উত্তরণের উপায় নিয়েও পরামর্শ দেন।

শুক্রবার সাধারণ পরিষদে অধ্যাপক ইউনূসের ভাষণকালে বিএনপি, জামায়াতে ইসলামী ও এনসিপির নেতারা উপস্থিত ছিলেন। বাংলাদেশের ইতিহাসে এমন নজির বিরল। এটা বহির্বিশ্বের কাছে আমাদের জাতীয় ঐক্যের ব্যাপারে একটা ইতিবাচক ধারণা তৈরি করবে।

চব্বিশের গণঅভ্যুত্থানের কয়েক সপ্তাহের মধ্যেই জাতিসংঘের ৭৯তম অধিবেশনে যোগ দিয়েছিলেন অধ্যাপক ইউনূস। গতবারের ভাষণে তিনি বিশ্ববাসীর কাছে তুলে ধরেছিলেন বাংলাদেশের গণমানুষ, বিশেষ করে তরুণসমাজের অফুরান শক্তি কীভাবে বিদ্যমান রাষ্ট্রকাঠামো ও প্রতিষ্ঠানগুলোর আমূল পরিবর্তনের সম্ভাবনা নিয়ে এসেছে। এবারের ভাষণে তিনি রূপান্তরযাত্রায় বাংলাদেশ কতটা অগ্রসর হতে পেরেছে, সংক্ষেপে সেই খতিয়ান তুলে ধরেন।

সংস্কার উদ্যোগ বাস্তবায়নে ধীরগতি কেন, তার একটা ব্যাখ্যা মেলে প্রধান উপদেষ্টার ভাষণে। সরকারপ্রধানের বক্তব্য থেকে এটা পরিষ্কার যে সংস্কার প্রচেষ্টার ক্ষেত্রে নির্বাহী আদেশের মতো 'সহজ' পথে না গিয়ে সরকার রাজনৈতিক দলগুলোকে অন্তর্ভুক্ত করে এমন একটি কঠিন পথ বেছে নিয়েছে, যেন সেটা টেকসই হয়। সংস্কারের জন্য ১১টি কমিশন গঠন এবং কমিশনগুলোর প্রস্তাব নিয়ে ৩২টি রাজনৈতিক দলের সঙ্গে ঐকমত্য কমিশনের যে দীর্ঘ সংস্কার ও ঐক্য প্রচেষ্টা, সেটা সত্যিই এক ঐতিহাসিক এবং কঠিনতম যাত্রা।

বাংলাদেশে স্বৈরতান্ত্রিক শাসন প্রত্যাবর্তনের পথ যাতে বন্ধ হয়, সেটাই প্রত্যাশা করেন নাগরিকেরা। প্রধান উপদেষ্টা বলেছেন, তিনি মনে করেন, আগামী নির্বাচনে যে দলই জনগণের সমর্থন পাক না কেন, সংস্কার কার্যক্রম বাস্তবায়নে আর কোনো অনিশ্চয়তার অবকাশ থাকবে না। আমরা মনে করি, জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে অনিশ্চয়তা থাকলেও অভ্যুত্থানে অংশ নেওয়া রাজনৈতিক দলগুলোর মধ্যে সংস্কার প্রশ্নে যে ঐকমত্য প্রতিষ্ঠা পেয়েছে, তাতে ফেব্রুয়ারির প্রথমার্ধে অনুষ্ঠিত নির্বাচনে যারাই ক্ষমতায় আসুক না কেন, সংস্কার বাস্তবায়ন করাটাই তাদের মূল দায়িত্ব হবে।

বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশ থেকে উন্নত দেশে সম্পদ পাচার যে একটি বড় আন্তর্জাতিক সমস্যা, প্রধান উপদেষ্টা তাঁর ভাষণে সেটা স্পষ্ট করেছেন। যেসব দেশ ও প্রতিষ্ঠানে বাংলাদেশের পাচার করা সম্পদ গচ্ছিত আছে, সেগুলো ফিরিয়ে দেওয়ার আহ্বান জানান তিনি। উন্নয়নশীল দেশ থেকে পাচার বন্ধে কঠোর আন্তর্জাতিক বিধিবিধান প্রণয়নের যে প্রস্তাব তিনি দিয়েছেন, সেটা বাস্তবায়নে বাংলাদেশের জোরালো কূটনৈতিক তৎপরতা চালিয়ে যাওয়া প্রয়োজন।

আন্তর্জাতিক সম্প্রদায়ের উদাসীনতা রোহিঙ্গা সংকটের মাত্রা ও বিস্তৃতি কতটা বাড়িয়ে দিয়েছে এবং তাতে বাংলাদেশ কতটা ভুক্তভোগী হয়েছে, অধ্যাপক ইউনূসের ভাষণে সেটা আবারও স্পষ্ট হয়েছে।

জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের ভাষণে দেশবাসী ও বিশ্বসম্প্রদায় বাংলাদেশের নির্বাচন ও সংস্কার নিয়ে স্পষ্ট একটা বার্তা পেয়েছে বলেই আমরা মনে করি।

সফলতার ২৮ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

# ধর্ষণে জড়ালেও শাস্তি হবে না মনে করে ২৭.৫৮% আসামি

## সাহাদাত হোসেন পরশ

বাংলাদেশের আইনে ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড। তার পরও এ অপরাধে জড়ালে শাস্তি হবে না মনে করছে ২৭.৫৮ শতাংশ অভিযুক্ত। ৮৪টি আলোচিত ধর্ষণ মামলার বাদী, ভুক্তভোগী ও আসামিদের বক্তব্য বিশ্লেষণ করে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) এ তথ্য পেয়েছে।

পিবিআইর গবেষণাটি অবশ্য অনেক বড়। তারা ১১ হাজার ৬২৮টি মামলা বিশ্লেষণ করেছে। বিভিন্ন থানা ও আদালতে হওয়া এই মামলাগুলো পিবিআই তদন্ত করেছে। এই মামলাগুলো দায়েরের সময় ২০১৬ থেকে ২০২৩ সাল। ২৫২টি মামলার তদন্ত এখনও চলছে।

ধর্ষণের ঘটনার বৃদ্ধির কারণ, প্রতিকার, মামলার তদন্ত এবং রায় বিশ্লেষণ করতে পিবিআই আলোচিত ৮৪টি ধর্ষণ মামলার ৮৭ অভিযুক্তের কাছে ৩১টি বিষয় জানতে চায়। তাতে দেখা যায়, ধর্ষণের মামলায় অভিযুক্তদের ২০.২৩ শতাংশ আগে থেকে মাদকাসক্ত। পর্নোগ্রাফিতে আসক্ত ২৭.৩৮ শতাংশ। প্রেম ও বিয়ের প্রলোভন দেখিয়ে ধর্ষণের মতো গর্হিত কাজ করেছে ৩৩.৩৩ শতাংশ অভিযুক্ত। ভুক্তভোগীর মধ্যে ছাত্রী ও শিশু ৭২.৬১ শতাংশ।

মামলার তথ্য বিশ্লেষণে দেখা যায়, অনেক ঘটনায় অভিযুক্ত ব্যক্তি ভুক্তভোগীর আত্মীয় ও পরিচিত। অধিকাংশ ভুক্তভোগী অতিদরিদ্র।

২০১৮ সালে বিচারিক আদালতে দেওয়া ১০৪টি ধর্ষণ মামলার রায় পর্যবেক্ষণও করে পিবিআই। রাজশাহী, গাইবান্ধা, বগুড়া, রংপুর, নওগাঁ, হবিগঞ্জ, মৌলভীবাজার, ফেনী, কুমিল্লা, বরিশাল, বাগেরহাট, ঝিনাইদহ, শেরপুর, নারায়ণগঞ্জ ও টাঙ্গাইল জেলার বিভিন্ন আদালত থেকে এসব রায় দেওয়া হয়। এর মধ্য ১২টি মামলায় সর্বোচ্চ সাজা মৃত্যুদণ্ড, যাবজ্জীবনসহ বিভিন্ন মেয়াদে সাজা হয়। সাজার হার ১১.৫৪ শতাংশ। ৯২টি মামলায় আসামিরা খালাস পান, যা মোট মামলার ৮৮.৪৬ শতাংশ।

ধর্ষণের শাস্তি মৃত্যুদণ্ড বিষয়টি আসামির জানা ছিল কিনা এ প্রশ্নের জবাব জানতে চাইলে ৮৭ আসামির মধ্যে ১৫ জন বলেছেন, মৃত্যুদণ্ডের বিষয়টি তাদের জানা ছিল। মৃত্যুদণ্ডের বিষয়টি জানা ছিল না ৩৭ জনের। ৩৫ জনের কাছ থেকে এ ব্যাপারে কোনো উত্তর পাওয়া যায়নি।

ধর্ষণের মতো ঘটনায় শাস্তি হবে না আসামির ভাবনায় এমনটি ছিল কিনা জানতে চাওয়া হলে ৮৭ অভিযুক্তের মধ্যে ২৪ জন বলেছেন, শাস্তি হবে না। ২৬ জনের ধারণা ছিল, শাস্তি হবে। ৩৭ জনের উত্তর জানা সম্ভব হয়নি।

ধর্ষণ মামলার তদন্তে পুলিশ কী ধরনের সীমাবদ্ধতার মুখোমুখি হয়, সে বিষয়টি পিবিআই বিশ্লেষণ করেছে। তাতে দেখা গেছে, তদন্ত প্রতিবেদন দুর্বল হলে ভুক্তভোগী ন্যায়বিচার থেকে বঞ্চিত হন। অসম্পূর্ণ অথবা অপর্যাপ্ত তথ্যসংবলিত এবং ত্রুটিপূর্ণ এজাহার মামলার পরবর্তী তদন্তের ক্ষেত্রে বড় অন্তরায় হয়ে দেখা দেয়।

পিবিআইপ্রধান অতিরিক্ত মহাপরিদর্শক মোস্তফা কামাল সমকালকে বলেন, সমাজ থেকে এ ধরনের অপরাধ কমাতে সবার ভূমিকা জরুরি। শুধু শাস্তি দিয়ে অন্যায় বন্ধ করা যায় না। মূল্যবোধ ও নৈতিকতাবোধ জাগ্রত করতে হয়। তিনি বলেন, ধর্ষণের মতো সামাজিক ব্যাধি নির্মূল করতে হলে প্রকাশ্য ও অপ্রকাশ্য অনেক বিষয়ে কথা বলার প্রয়োজন আছে। তা না হলে অভিযোগ আসবে, মামলা হবে, তদন্ত হবে, বিচার চলবে। কিছু অপরাধীর সাজা হবে, কিন্তু সমস্যার সমাধান হবে না।




বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি ফওজিয়া মোসলেম বলেন, দেশে যারা ধর্ষণের মতো ঘটনায় জড়িত, তাদের অনেকের অদৃশ্য প্রভাব-প্রতিপত্তি রয়েছে। অনেকে তাদের প্রটেকশন দেয়। অন্যদিকে, ভুক্তভোগীরা থাকেন আতঙ্ক ও অসহায় অবস্থায়। বিচার পাওয়ার জন্য তাদের সামনে নানা চ্যালেঞ্জ তৈরি হয়। ভবিষ্যতে কী হবে এমন আশঙ্কা তাদের মাঝে দেখা দেয়। এ ছাড়া বিচারের দীর্ঘসূত্রতার কারণে অভিযুক্তদের মধ্যে বেপরোয়া ভাব থাকে। তারা কোনো কিছুকে তোয়াক্কা করে না।

ভুক্তভোগীদের বিষয়ে গবেষণায় বলা হয়, ঘটনার পর অনেক ভুক্তভোগীর মানসিক পরিস্থিতি নাজুক হয়ে যায়। কেউ গুরুতর অসুস্থ হয়ে পড়েন। অনেকে মারা যান। তাই ভুক্তভোগী কখন, কোন পরিস্থিতিতে, কীভাবে ধর্ষণের শিকার হয়েছেন নির্ভুলভাবে সেই বর্ণনা পাওয়া যায় না। কতজন জড়িত ছিলেন, সেটা নিয়ে সংশয় থাকে। ভুক্তভোগীর সঙ্গে সাবলীলভাবে কথা বলে অনেক বিষয়ে সুস্পষ্ট তথ্য নিতে হয়। তবে দীর্ঘদিনের সামাজিক রীতিনীতি, আচার এবং পারিপার্শ্বিক কারণে অনেক ভুক্তভোগী এ বিষয়ে কথা বলতে চান না। এতে তদন্ত প্রতিবেদনে অস্পষ্টতা থেকে যায়। এর সুযোগ গ্রহণ করেন আসামি পক্ষের আইনজীবী।

তদন্তের সময় ভুক্তভোগী অনেক বিষয়ে নিশ্চুপ থাকলেও আদালতে জেরার সময় আসামি পক্ষের আইনজীবী তাকে রেহাই দেন না। ভুক্তভোগী যদি বলেন, 'অভিযুক্ত ব্যক্তি আমার সঙ্গে খারাপ কাজ করেছে' এই বাক্যের অন্তর্নিহিত সত্য যা-ই থাকুক, আসামি পক্ষ এর থেকে সুবিধা পাবে বলে পিবিআইর বিশ্লেষণে উঠে এসেছে। আইনি সচেতনতার অভাবও অনেক সময় বাদী পক্ষের বিরুদ্ধে কাজ করে।

পিবিআইর প্রতিবেদনে বলা হয়, পরিধেয় বস্ত্র বা অন্য আলামতগুলো সংরক্ষণ এবং উপস্থাপনে ব্যর্থতাও ধর্ষণের মামলা সুষ্ঠু তদন্তের ক্ষেত্রে অন্তরায়। আমাদের দেশে আধুনিক ফরেনসিক ল্যাব ও প্রযুক্তির ঘাটতি রয়েছে। এজাহারে ঘটনার বিবরণের সঙ্গে বাদীর বা ভুক্তভোগীর বক্তব্য, সাক্ষ্য, তদন্তে পাওয়া ফলাফলের মধ্যে সামান্য গরমিলের ক্ষেত্রে আসামি পক্ষ এর পূর্ণ সুযোগ গ্রহণ করে থাকে।

পিবিআই বলছে, অনেক ধর্ষণ মামলার কোনো সাক্ষী পাওয়া যায় না। ভুক্তভোগী নিজেই একমাত্র সাক্ষী, যা এ ধরনের মামলা তদন্ত ও প্রমাণের ক্ষেত্রে আরেক বড় প্রতিবন্ধকতা।

২০১৯ সালের ৫ জুলাই রাজধানীর ওয়ারীতে খুন হয় সাত বছরের এক শিশু। পরে তদন্তে উঠে আসে, একই ভবনের এক বাসিন্দা ঘটনার দিন থেকে নিখোঁজ। পেশায় তিনি রংমিস্ত্রি। পরে তাকে ঘিরে সন্দেহ হয় পুলিশের। কুমিল্লা থেকে গ্রেপ্তারের পর জিজ্ঞাসাবাদে তিনি শিশুটিকে হত্যার কথা স্বীকার করেন। খুনের আগে শিশুকে ধর্ষণ করা হয়েছিল। জানাজানি হওয়ার আশঙ্কা থেকে হত্যার সিদ্ধান্ত নেন অভিযুক্ত। এর পর আদালতে ১৬৪ ধারায় জবানবন্দি দেন আসামি। পুলিশের তদন্তে উঠে আসে বিকৃত মানসিকতা থেকে পূর্বপরিচিত শিশুটিকে টার্গেট করা হয়।

২০১৭ সালের ডিসেম্বরে চট্টগ্রামের কর্ণফুলীতে একটি বাসায় প্রবেশ করে চার ডাকাত। টাকা ও স্বর্ণালংকার লুটের পাশাপাশি তারা ওই বাসার চার নারী সদস্যকে ধর্ষণ করে। পরে তদন্তে উঠে আসে, দুর্বৃত্তদের মূল উদ্দেশ্য ছিল ডাকাতি। পরে ঘরে কোনো পুরুষ সদস্য না থাকায় তাদের মাথায় কুচিন্তা আসে। পরবর্তী সময়ে ভুক্তভোগীদের স্বাস্থ্য পরীক্ষায় ধর্ষণের আলামত মেলে। এই ঘটনায় করা মামলায় তিন ডাকাত আদালতে স্বীকারোক্তি দিয়েছে।

পিবিআইর বিশ্লেষণে ধর্ষণের ঘটনায় আসামি খালাসের বিষয়ে কয়েকটি মামলার পর্যবেক্ষণ তুলে ধরা হয়েছে। এর মধ্যে একটি বাহুবল থানায় দায়েরকৃত। বিচার চলাকালে ভুক্তভোগী তার সাক্ষ্যে বলছেন, 'ভুল বোঝাবুঝি থেকে মামলা করা হয়েছিল। আসামির বিরুদ্ধে তার কোনো অভিযোগ নেই।'

### ১৬ সুপারিশ

মামলা তদন্তের গুণগত মান বাড়াতে বিশেষ করে তদন্তে যুক্ত কর্মকর্তাদের জন্য ১৬টি সুপারিশ করেছে পিবিআই। এগুলো হলো ধর্ষণ-সংক্রান্ত খবর পাওয়ার সঙ্গে সঙ্গে ক্রাইমসিন দলকে অবহিত করতে হবে। একজন প্রশিক্ষিত নারী তদন্ত কর্মকর্তাকে ঘটনাস্থলে পাঠাতে হবে। পুলিশ কর্মকর্তা ঘটনাস্থলের ভিডিও ধারণ করবেন। ঘটনাস্থল বিশ্লেষণ করে ক্রাইমসিন দলের সহায়তায় অপরাধীর যেসব আলামত দিয়ে ডিএনএ পরীক্ষা করা যায়, *২৫-এর পৃষ্ঠায় দেখুন*

# দেশের অর্থনীতিকে বাঁচিয়ে রেখেছে প্রবাসীরা






*প্রথম পৃষ্ঠার পর* ব্রডওয়ে) অনুষ্ঠিত ‘এনআরবি কানেক্ট ডে : এমপাওয়ারিং গ্লোবাল বাংলাদেশীজ’ শীর্ষক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী এ অনুষ্ঠানে অংশ নেন।

সমাবেশে প্রধান উপদেষ্টা বলেন, তিনি ব্যক্তিগতভাবে বাংলাদেশকে নিয়ে অত্যন্ত আশাবাদী। তরুণদের সম্ভাবনার কথা তুলে ধরে তিনি বলেন, বাংলাদেশে পর্যাপ্ত তরুণ জনশক্তি রয়েছে। বিদেশি কোম্পানিগুলোকে বাংলাদেশে কারখানা স্থানান্তর করে এ মানবসম্পদ কাজে লাগাতে এবং বাংলাদেশকে উৎপাদন কেন্দ্র হিসেবে গড়ে তোলার আহ্বান জানান তিনি।

প্রবাসীদের উদ্দেশ্যে তিনি বলেন, ‘আপনারা এখন বাংলাদেশের অংশ। আত্মবিশ্বাস নিয়ে বিনিয়োগ ও ধারণা নিয়ে আসুন।’ তিনি আশ্বাস দেন, আগামী জাতীয় নির্বাচনে প্রবাসীদের ভোটাধিকার নিশ্চিত করা হবে।

আঞ্চলিক অর্থনীতির প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে প্রধান উপদেষ্টা বলেন, ‘নেপাল, ভুটান ও ভারতের সাত রাজ্য সমুদ্রবন্দরের অভাবে স্থলবেষ্টিত। যদি আমরা তাদের জন্য সমুদ্র উন্মুক্ত করি, সবাই উপকৃত হবে। সুযোগ নিশ্চিত হলে সবাই বাংলাদেশমুখী হবে।’

২০০৬ সালের নোবেল শান্তি পুরস্কার বিজয়ী অধ্যাপক ইউনূস জানান, ইতোমধ্যে সামুদ্রিক সম্ভাবনা কাজে লাগাতে বহু অংশীজনের সঙ্গে আলোচনা হয়েছে। তিনি বলেন, ‘কক্সবাজার-মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দরের জন্য প্রস্তুত।’ পাশাপাশি বঙ্গোপসাগরের গ্যাস সম্পদ অনুসন্ধানের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

অনুষ্ঠানে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, জামায়াতে ইসলামীর নায়েবে আমীর সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের এবং জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেনও বক্তব্য রাখেন।

অনুষ্ঠানটি ছিল নানা আয়োজনমুখর। এতে ছিল প্লেনারি সেশন, নতুন ডিজিটাল অ্যাপ উদ্বোধন এবং প্রবাসী সম্পৃক্ততা। এতে প্রবাসীরা তাদের অভিজ্ঞতা, মতামত ও উদ্বেগ ভাগ করে নেওয়ার পাশাপাশি নীতিনির্ধারক ও প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সরাসরি সংলাপের সুযোগ পান। অনুষ্ঠানে ‘শুভেচ্ছা অ্যাপ’ উদ্বোধন করা হয়।






অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী বাংলাদেশের অর্থনীতি নিয়ে প্রেজেন্টেশন তুলে ধরেন। তিনি জানান, অর্থনীতি পুনরুদ্ধারে গৃহীত পদক্ষেপের ফলে মূল্যস্ফীতি ও বৈদেশিক মুদ্রার রিজার্ভ স্থিতিশীল অবস্থায় এসেছে। গত এক বছরে বিদেশি বিনিয়োগ (এফডিআই) দ্বিগুণ হয়েছে বলেও উল্লেখ করেন তিনি। তিনি ২০২৪ সালের গণঅভ্যুত্থানের পর বাংলাদেশের অর্থনীতি পুনরুদ্ধারে প্রবাসীদের ভূমিকার কথাও তুলে ধরেন।

অনুষ্ঠানে ‘হারনেসিং ডায়াসপোরা অ্যাজ আ ন্যাশনাল অ্যাসেট’ শীর্ষক প্যানেল আলোচনার আয়োজন করা হয়। এটি পরিচালনা করেন প্রধান উপদেষ্টার আন্তর্জাতিক বিষয়ক বিশেষ দূত লুৎফে সিদ্দিকী। এতে আলোচনায় অংশ নিয়ে আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেন, প্রবাসী বাংলাদেশীরা দেশের সম্পদ এবং জুলাই-আগস্ট আন্দোলনে তারা বড় ভূমিকা রেখেছেন।

আরেকটি প্যানেল সেশন পরিচালনা করেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ও রোহিঙ্গা বিষয়ক হাই রিপ্রেজেন্টেটিভ ড. খলিলুর রহমান। আলোচনায় বিএনপি নেতা হুমায়ুন কবির, জামায়াত নেতা মোহাম্মদ নকীবুর রহমান এবং এনসিপি’র সিনিয়র যুগ্ম সদস্য সচিব ডা. তাসনিম জারা বক্তব্য দেন।

ডা. তাসনিম জারা তার বক্তৃতায় নারী ও তরুণদের সম্পৃক্ত করে এমন একটি বাংলাদেশ গড়ার ওপর জোর দেন, যেখানে সবার অংশগ্রহণ ও মতামত থাকবে। তিনি বলেন, ‘যখন সবাই একসঙ্গে কাজ করে, ইতিহাস বদলায়। আমরা একসঙ্গে ইতিহাস বদলাবো।’

‘এনআরবি কানেক্ট ডে’ ছিল এক বিশেষ সমাবেশ, যেখানে ব্যবসা, একাডেমিয়া, স্বাস্থ্যসেবা, প্রযুক্তি ও সামাজিক উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশি একত্রিত হন। এতে বাংলাদেশের সম্ভাবনা অনুসন্ধান, নাগরিক সেবা গ্রহণ এবং টেকসই সামাজিক-অর্থনৈতিক প্রভাব সৃষ্টির মাধ্যমে প্রবাসীদের সম্পৃক্ততা জোরদারের সুযোগ তৈরি হয়।











# ড. ইউনূসের সঙ্গে হোটেলে সাক্ষাৎ করে 'পূর্ণ সমর্থন' জানাল এনআইজিসি

**বাসস, নিউইয়র্ক:** প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ও তাঁর অন্তর্বর্তীকালীন সরকারকে পূর্ণ সমর্থন জানিয়েছেন বিশ্বের বিভিন্ন প্রভাবশালী নেতারা। গতকাল শুক্রবার নিউইয়র্কে ড. ইউনূসের হোটেল স্যুইটে একত্রিত হন তাঁরা। এ সময় বাংলাদেশকে এই গুরুত্বপূর্ণ সময়ে সহযোগিতা ও গুরুত্বপূর্ণ পরামর্শ দেওয়ার অঙ্গীকার করেন তাঁরা।

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনের ফাঁকে লাটভিয়ার সাবেক প্রেসিডেন্ট ও নিজামি গঞ্জাভি আন্তর্জাতিক কেন্দ্রের (এনজিআইসি) সহ-সভাপতি ভাইরা ভিকে-ফ্রেইবারগার নেতৃত্বে প্রতিনিধিদলটি অধ্যাপক ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করে। এনজিআইসির নামকরণ করা হয়েছে খ্যাতনামা একাদশ শতকের পারস্য কবি নিজামি গঞ্জাভির নামে।

উচ্চপর্যায়ের এই দলে ছিলেন– স্লোভেনিয়ার সাবেক প্রেসিডেন্ট বরুত পাহোর, সার্বিয়ার সাবেক প্রেসিডেন্ট বোরিস তাদিচ, লাটভিয়ার সাবেক প্রেসিডেন্ট এগিলস লেভিটস, ইউরোপীয় কাউন্সিলের সাবেক প্রেসিডেন্ট ও বেলজিয়ামের সাবেক প্রধানমন্ত্রী চার্লস মিশেল, গ্রিসের সাবেক প্রধানমন্ত্রী জর্জ পাপান্দ্রেউ, বুলগেরিয়ার সাবেক প্রেসিডেন্ট রোসেন প্লেভনেলিভ ও পেতার স্তোইয়ানোভ, ক্রোয়েশিয়ার সাবেক প্রেসিডেন্ট ইভো যোসিপোভিচ, বসনিয়া-হার্জেগোভিনার সাবেক রপ্রেসিডেন্ট স্লাদেন ইভানিচ ও মরিশাসের সাবেক প্রেসিডেন্ট আমিনা গুরিব-ফাকিম।

এছাড়া ছিলেন– কমনওয়েলথের সাবেক মহাসচিব, জর্জিয়ার সাবেক উপ-প্রধানমন্ত্রী,



*শুক্রবার নিউইয়র্কে প্রতিনিধিদলটি প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করে।* *ছবি: প্রধান উপদেষ্টার ফেসবুক*

জাতিসংঘ সাধারণ পরিষদের চারজন সাবেক সভাপতি, একাধিক সাবেক পররাষ্ট্রমন্ত্রী, বিশ্বব্যাংকের সাবেক সহ-সভাপতি ও এনজিআইসির সহ-সভাপতি ইসমাইল সেরাগেলদিন, মানবাধিকার সংগঠন রবার্ট এফ. কেনেডি হিউম্যান রাইটসের প্রেসিডেন্ট কেরি কেনেডি, আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা (আইএইএ) এবং জর্জটাউন ইনস্টিটিউট ফর উইমেন, পিস অ্যান্ড সিকিউরিটিরর ঊর্ধ্বতন প্রতিনিধিরা।

নেতারা অধ্যাপক ইউনূসের নেতৃত্ব ও আজীবন দারিদ্র্য দূরীকরণ এবং সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় তাঁর অবদানের প্রশংসা করেন। তাঁরা বলেন, 'আমরা আপনাকে এবং বাংলাদেশের জনগণকে সমর্থন জানাতে এসেছি। আমরা আপনার পাশে আছি।'

তাঁরা উল্লেখ করেন, অধ্যাপক ইউনূসের নেতৃত্বে বাংলাদেশ সাম্প্রতিক সময়ে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। তবে দীর্ঘ ১৬ বছরের দুর্নীতি, শোষণ ও কু-শাসনের কারণে দেশটি এখন বড় ধরনের চ্যালেঞ্জের মুখোমুখি।

বিভিন্ন নেতা অন্তর্বর্তীকালীন সরকারের দেশ পুনর্গঠন ও অর্থনৈতিক পুনরুদ্ধার কার্যক্রমে গুরুত্বপূর্ণ সহায়তা দেওয়ার আশ্বাস দেন। তাঁদের একজন বলেন, 'আমরা আপনার সঙ্গে কাজ করতে প্রস্তুত। যে কোনো পরামর্শ বা সহায়তা প্রয়োজন হলে জানাবেন।'

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ সফরকারী কেরি কেনেডি দেশের মানবাধিকার অগ্রগতির প্রশংসা করে বলেন, 'মানবাধিকারের ক্ষেত্রে আপনাদের অর্জন অসাধারণ।'

জর্জটাউন ইনস্টিটিউট ফর উইমেন, পিস অ্যান্ড সিকিউরিটির নির্বাহী পরিচালক মেলান ভারভিয়ার জানান, তাঁদের প্রতিষ্ঠান শিগগিরই বাংলাদেশে জুলাই বিপ্লবের প্রতি আনুষ্ঠানিক সমর্থন ঘোষণা করবে। এনজিআইসির ভাইস প্রেসিডেন্ট ইসমাইল সেরাগেলদিন বলেন, 'আপনাদের প্রয়োজন হলে আমরা আছি।'

সম্মেলনে অধ্যাপক ইউনূস এভাবে অপ্রত্যাশিত সমর্থন পেয়ে গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, 'এটি একেবারেই অপ্রত্যাশিত। আপনাদের একসঙ্গে আমাদের সমর্থনে দাঁড়ানো সত্যিই অবিশ্বাস্য। আমি একেবারেই মুগ্ধ।'

তিনি বাংলাদেশের অবস্থা তুলনা করেন একটি বড় প্রাকৃতিক দুর্যোগ থেকে বেঁচে ফেরার সঙ্গে। তাঁর ভাষায়, 'দেশটি গত ১৬ বছর ধরে একটি ভূমিকম্পের মধ্যে ছিল। এর মাত্রা ছিল রিখটার স্কেলে ৯।'

অধ্যাপক ইউনূস আরও বলেন, সীমিত সম্পদের কারণে জনগণের প্রত্যাশা পূরণ করাই এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ। 'মানুষ তাৎক্ষণিক পরিবর্তন দেখতে চায়। কিন্তু আমাদের অবশ্যই তরুণদের স্বপ্ন পূরণ করতে হবে– তারা একটি নতুন বাংলাদেশ খুঁজছে।'

তিনি আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি বাংলাদেশের আগামী জাতীয় নির্বাচনকে সমর্থন করার আহ্বান জানান। অধ্যাপক ইউনূস বলেন, 'আমাদের দিকনির্দেশনা প্রয়োজন। আপনাদের পরামর্শ, সহযোগিতা ও নৈতিক শক্তি আমাদের জন্য অমূল্য।'

সভায় এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক লামিয়া মোরশেদ উপস্থিত ছিলেন।

## নিউইয়র্কে ইমিগ্রেশন কোর্টে নারীকে হেনস্তা

*প্রথম পৃষ্ঠার পর*

সচিব ট্রিশিয়া ম্যাকলাফলিন জানান, পূর্ণাঙ্গ তদন্ত না হওয়া পর্যন্ত ওই কর্মকর্তাকে সাময়িক ছুটিতে রাখা হয়েছে।

তিনি বলেন, "ভিডিওতে যে আচরণ দেখা গেছে তা একেবারেই অগ্রহণযোগ্য এবং আইসিই কর্মকর্তাদের মর্যাদার নিচে। আমাদের আইন প্রয়োগকারী সদস্যদের সর্বোচ্চ পেশাদার মান বজায় রাখতে হয়।"

ঘটনার ভিডিও বৃহস্পতিবার সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। এতে দেখা যায়, এক নারী কাঁদতে কাঁদতে কর্মকর্তার কাছে আসেন।

কর্মকর্তা বারবার তাঁকে 'আদিওস' বলে ঠাট্টা করতে থাকেন, এরপর হঠাৎ ধরে জোরে ঠেলে মাটিতে ফেলে দেন। আরেকটি ভিডিওতে দেখা যায়, কর্মকর্তার ধাক্কায় ওই নারী দেয়ালে গিয়ে পড়ে এবং মাটিতে লুটিয়ে যান। এরপর তিনি মহিলাকে উদ্দেশ করে স্প্যানিশ ভাষায় বলেন, "বের হয়ে যাও!", এবং অন্য কর্মকর্তাদের নির্দেশ দেন তাঁকে আদালত ভবন থেকে সরিয়ে দিতে।

পরে আরেকটি ভিডিওতে দেখা যায়, এজেন্টরা তাঁকে বাইরে নিয়ে যাচ্ছে। জানা গেছে, আদালতের ভেতরে ফেডারেল এজেন্টরা ওই নারীর স্বামীকে আটক করার চেষ্টা করলে স্ত্রী ও মেয়ে তাঁকে আঁকড়ে ধরেন। সেখান থেকেই সংঘর্ষ শুরু হয়। নারীটি ইকুয়েডর থেকে এসেছেন বলে জানান।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভিবাসন দমন অভিযানের অংশ হিসেবে সাম্প্রতিক সময়ে আইসিই কর্মকর্তারা ফেডারেল আদালত ভবনের ভেতরেই হাজিরা দিতে আসা অভিবাসীদের আটক করছেন। শুধু নিউইয়র্ক সিটির আদালতগুলো থেকেই ইতিমধ্যে শত শত মানুষকে আটক করা হয়েছে।

ঘটনার পর নিউইয়র্কের কংগ্রেস সদস্য ড্যান গোল্ডম্যান জানান, ওই নারী ও তাঁর দুই সন্তান "নিরাপত্তার খোঁজে আমার কার্যালয়ে আশ্রয় নিয়েছেন।"

তিনি ডিএইচএসকে আহ্বান জানান, যাতে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয় এবং ভবিষ্যতে এ ধরনের ঘটনা ঠেকাতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়।

## ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন, চলবে সংস্কারও

*প্রথম পৃষ্ঠার পর*

জবাবদিহিমূলক এক নতুন রাজনৈতিক সংস্কৃতি গড়ে তোলা যায়।

শুক্রবার নিউইয়র্কের স্থানীয় সময় সকাল নয়টায় অধিবেশন শুরু হয়। অধিবেশনের মঞ্চে উঠে তিনি বলেন, "গত বছর আমি এখানে দাঁড়িয়েছিলাম সদ্য অভ্যুত্থান উত্তর একটি দেশের আকাঙ্ক্ষার কথা জানাতে। আজ আমি সেই রূপান্তরের পথে কতটা এগোতে পেরেছি, তা আপনাদের জানাতে এসেছি।"

সংস্কারের কঠিন পথ

প্রধান উপদেষ্টা জানান, নির্বাহী আদেশে সহজ পথে সংস্কার করার সুযোগ থাকলেও সরকার বেছে নিয়েছে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই পথ। এজন্য ১১টি সংস্কার কমিশন গঠন করে তাদের সুপারিশ বাস্তবায়নের কাজ এগিয়ে নেওয়া হচ্ছে। লক্ষ্য একটাই একটি গণতান্ত্রিক কাঠামো গড়ে তোলা যেখানে আর কোনো স্বৈরশাসকের উত্থান সম্ভব হবে না।

তিনি স্পষ্ট করে বলেন, জনগণের সমর্থনে পাওয়া দায়িত্ব পালনে সরকার রাজনৈতিক দলগুলোর সঙ্গে ঐক্যবদ্ধ প্রতিশ্রুতি দিয়েছে– সংস্কারের যাত্রা আর থেমে যাবে না।

অর্থনীতি ও পাচার হওয়া সম্পদ ফেরত আনা

অধ্যাপক ইউনূস বলেন, টেকসই উন্নয়নের জন্য সুশাসন ও সামাজিক অন্তর্ভুক্তিই মূল চাবিকাঠি। তিনি সমালোচনা করেন ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের, যারা দেড় দশক ধরে দুর্নীতি ও রাজনৈতিক স্বার্থে জনগণের সম্পদ অপচয় করেছে। তার দাবি, শত শত কোটি ডলার অবৈধভাবে বিদেশে পাচার করা হয়েছে।

এই সম্পদ ফেরত আনার প্রচেষ্টা চলছে নিরলসভাবে, যদিও আন্তর্জাতিক আইনি জটিলতা ও সংশ্লিষ্ট দেশগুলোর অনিচ্ছা বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। তিনি বিশ্বকে আহ্বান জানান,

"এই সম্পদ ফিরিয়ে দিন প্রকৃত মালিকদের কৃষক, শ্রমিক, সাধারণ করদাতাদের কাছে। উন্নয়নশীল দেশ থেকে সম্পদ পাচার ঠেকাতে কঠোর বৈশ্বিক বিধি প্রণয়ন জরুরি।"

ভুয়া খবর ও ডিপফেকের হুমকি

অধ্যাপক ইউনূস সতর্ক করেন বিভ্রান্তিমূলক প্রচারণা ও কৃত্রিম বুদ্ধিমত্তানির্ভর ডিপফেক প্রযুক্তির প্রসার নিয়ে। তিনি বলেন, এগুলো শুধু সামাজিক সম্প্রীতিই ধ্বংস করছে না, মানুষের প্রতি মানুষের আস্থাকেও দুর্বল করে দিচ্ছে। এ হুমকি মোকাবেলায় ঐক্যবদ্ধ বৈশ্বিক উদ্যোগ দরকার।

রোহিঙ্গা সংকটে গভীর উদ্বেগ

মিয়ানমারের গৃহযুদ্ধ নিয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, এর ফলে রোহিঙ্গাদের প্রত্যাবাসন কার্যত অসম্ভব হয়ে পড়ছে। ইতিমধ্যেই বাংলাদেশ টানা আট বছর ধরে লক্ষ লক্ষ রোহিঙ্গাকে আশ্রয় দিয়েছে। কিন্তু তহবিলসংকটে শরণার্থী শিবিরগুলোর জীবনমান ভেঙে পড়ার উপক্রম। মাসিক রেশন অর্ধেকে নেমে যেতে পারে প্রতি জন মাত্র ৬ ডলার!

তিনি সতর্ক করেন, সহায়তা আরও কমে গেলে ভয়াবহ নিরাপত্তা ঝুঁকি তৈরি হবে এবং সংকট ক্যাম্পের সীমানা ছাড়িয়ে পড়বে। তাই তিনি আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি নতুন করে সাহায্য ও তহবিল বাড়ানোর আহ্বান জানান।

গাজায় গণহত্যার নিন্দা

গাজার পরিস্থিতি বর্ণনা করতে গিয়ে প্রধান উপদেষ্টা ক্ষোভ প্রকাশ করেন:

"শিশুরা না খেয়ে মরছে, হাসপাতাল ও স্কুল ধ্বংস হয়ে যাচ্ছে, আর সবার চোখের সামনেই গণহত্যা চলছে। ইতিহাস এই নীরবতাকে ক্ষমা করবে না।"

তিনি পুনরায় স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রের দাবিতে জোর দেন পূর্ব জেরুজালেমকে রাজধানী করে দ্বিরাষ্ট্রভিত্তিক সমাধান বাস্তবায়নের সময় এখনই।

বিশ্বকে বার্তা

ভাষণের শেষ ভাগে নোবেলজয়ী অধ্যাপক ইউনূস তরুণ প্রজন্মের প্রতি আস্থা রেখে বলেন, নিরাপদ ও ন্যায়ভিত্তিক এক পৃথিবী গড়ার স্বপ্নকে বাস্তবে রূপ দিতে হলে আন্তর্জাতিক সম্প্রদায়কেই এগিয়ে আসতে হবে।

## উদ্দেশ্য এজেন্টদের মধ্যে আতঙ্ক ছড়ানো

*প্রথম পৃষ্ঠার পর*

আতঙ্ক ছড়ানো উদ্দেশ্য গুলিবর্ষণের ঘটনা ঘটায় বন্দুকধারী। ঘটনার পর বন্দুকধারীর অস্ত্র থেকে ছোঁড়া গুলির খোসা এবং তার একটি নোট উদ্ধার করে আইন প্রয়োগকারী সংস্থা।

উদ্ধার হওয়া নোটে লেখা ছিলো 'হ্যা, আমি একাই করেছি।" ও গুলির খোসাতে লেখা ছিলো "অ্যান্টি- আইস"।

উদ্ধার হওয়া নথির ভিত্তিতে এফবিআই জানায় আইস কার্যক্রমে এমন অস্ত্রের ব্যবহার ইউটাহতে কনজারভেটিভ কর্মী চার্লি কার্কের ওপর হামলার ঘটনার সাথে অনেকটা মিল আছে। হামলার ঘটনার পর বন্দুকধারী ২৯ বছর বয়স্ক জশুয়া জাহ্ন নিজেই গুলি করে মারা যায়।

জানা গেছে, বুধবার ভোরে পাশের ভবনের ছাদ থেকে নির্বিচারে গুলি চালান তিনি। টার্গেট ছিল দপ্তরের গাড়ি ও জানালা। এতে এক বন্দি নিহত হয়েছেন, দুই বন্দি গুরুতর আহত। তবে কোনো আইস কর্মকর্তা আহত হননি।

এফবিআই প্রধান কাশ প্যাটেল জানিয়েছেন, এটিকে সুস্পষ্টভাবে পরিকল্পিত হামলা।

ঘটনার পর সারা দেশে আইস দপ্তরে নিরাপত্তা জোরদার করা হয়েছে।

## অবশেষে মেয়র নির্বাচন থেকে সরে দাঁড়ালেন এরিক অ্যাডামস

*প্রথম পৃষ্ঠার পর*

তাই পরিস্থিতিতে নির্বাচনী দৌড় থেকে নিজেকে সরিয়ে নিচ্ছেন।

ভিডিও বার্তায় অ্যাডামস কোনো প্রার্থীকে সমর্থন জানাননি। বরং তিনি সতর্ক করে বলেন, "কিছু গোপন শক্তি স্থানীয় সরকারকে ব্যবহার করছে বিভাজনের এজেন্ডা এগিয়ে নিতে।" তিনি দাবি করেন, পরিবর্তন প্রয়োজন, কিন্তু যারা পুরোনো ব্যবস্থাকে ভেঙে ফেলতে চায় তারা বিশৃঙ্খলা সৃষ্টি করছে।

অ্যাডামসের সরে দাঁড়ানো সাবেক গভর্নর অ্যান্ড্রু কুমোর প্রচারণায় গতি আনতে পারে। কুমো নিজেকে এমন একমাত্র প্রার্থী হিসেবে তুলে ধরছেন যিনি ডেমোক্র্যাট দলের মনোনীত প্রার্থী জোহরান মামদানিকে হারাতে সক্ষম।

তবে প্রশ্ন রয়ে গেছে, অ্যাডামসের সমর্থকদের কতজন কুওমোর পাশে দাঁড়াবেন। মামদানি ডেমোক্র্যাটিক প্রাইমারিতে কুওমোকে স্পষ্ট ব্যবধানে হারিয়েছেন। ৩৩ বছর বয়সী মামদানি জিতলে নিউইয়র্কের ইতিহাসে সবচেয়ে তরুণ ও প্রগতিশীল মেয়র হবেন। তিনি জীবনযাত্রার ব্যয় কমানোর প্রতিশ্রুতি দিয়ে ভোটারদের মন জয় করেছেন।

অন্যদিকে রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিওয়া প্রতিদ্বন্দ্বিতায় থাকলেও নিজের দল থেকেই সমালোচিত হচ্ছেন। ট্রাম্প এক সাক্ষাৎকারে তাকে ব্যঙ্গ করে বলেছেন, "তিনি একেবারেই প্রধান সময়ের জন্য প্রস্তুত নন।"

এর আগে বছর খানেক ধরে মেয়র অ্যাডমস ও তাঁর প্রশাসনিক কর্মকর্তাদের দুর্নীতির অভিযোগ ও নানা কেলেঙ্কারিতে জর্জরিত হয়ে ব্যাপক সমালোচনায় পর্যুদস্ত হয়ে পড়েন। এসব অভিযোগ থেকে মুক্তি পেতে প্রেসিডেন্ট ট্রাম্পের প্রতি অনেকটা ঝুঁকে পড়েন এবং ট্রাম্প ঘেষা কর্মকান্ডে বিতর্কের জন্ম দেন। এ জন্য নিজ দলীয় ডেমোক্র্যাট নেতাদের তোপের মুখে পড়েন। নানা বিতর্কের মধ্যে এরিক অ্যাডামস নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনে ডেমোক্র্যাট প্রার্থীতা থেকে নিজেকে প্রত্যাহার করে নেন এবং নিজেকে স্বাধীন প্রার্থী হিসেবে মেয়র নির্বাচনে প্রতিদন্দ্বিতার ঘোষণা দেন।

এদিকে ডেমোক্র্যাটিক প্রাইমারী নির্বাচনে জোহরান মামদানীর কাছে সাবেক গভর্ণর অ্যান্ড্রু কুওমো হেরে যাওয়ার পর তিনিও নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন প্রথমে। কিন্তু পরে অ্যান্ড্রু কুওমো আবার স্বাধীন প্রার্থী হিসেবে মেয়র নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার ঘোষণা দেন। এরপর থেকে জোহরান মামদানীর বিপক্ষে অ্যান্ড্রু কুওমো শক্তিশালী প্রার্থী হিসেবে জয় নিশ্চিত করতে নির্বাচন থেকে সরে দাড়াতে রাজনৈতিক চাপ

## জন্মসূত্রে নাগরিকত্ব

*শেষ পৃষ্ঠায় পর*

ছিল কৃষ্ণাঙ্গদের, বিশেষত মুক্ত দাসদের, নাগরিকত্ব নিশ্চিত করা।

সরকারের আবেদনে সলিসিটর জেনারেল ডি. জন সাওয়ার লিখেছেন, "নিম্ন আদালতের রায়গুলো সীমান্ত নিরাপত্তাকে দুর্বল করেছে এবং যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব অযথা হাজারো মানুষের হাতে তুলে দিয়েছে।"

অন্যদিকে আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়নের আইনজীবী কোডি উফসি বলেন, "এই নির্বাহী আদেশ সরাসরি বেআইনি। কোনো কৌশলেই শিশুর জন্মসূত্রে পাওয়া নাগরিকত্ব কেড়ে নেওয়া যাবে না। আমরা আদালতে শেষ পর্যন্ত লড়ব।"

বর্তমানে দুটি মামলার বিরুদ্ধে আপিল করেছে ট্রাম্প প্রশাসনএকটি ক্যালিফোর্নিয়ার নবম সার্কিট কোর্টে, যেখানে কয়েকটি অঙ্গরাজ্য একযোগে মামলা করেছে; আরেকটি নিউ হ্যাম্পশায়ারের ফেডারেল কোর্টে, যেখানে ক্ষতিগ্রস্ত শিশুদের পক্ষ থেকে ক্লাস-অ্যাকশন মামলা হয়েছে।

# টাইম টেলিভিশন-বাংলা পত্রিকা'র প্রতিষ্ঠাবার্ষিকী









*প্রথম পৃষ্ঠার পর* অ্যাওয়ার্ড বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও নৈশভোজ। অনুষ্ঠানে নিউইয়র্ক সিটির মেয়র পদপ্রার্থী জোহরান মামদানী সহ মূলধারার রাজনীতিক ও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা আমন্ত্রিত অতিথি ছিলেন। অনুষ্ঠানে কী নোট স্পীকার ছিলেন সিটি কাউন্সিলওম্যান শাহানা হানিফ। অনুষ্ঠানে ফ্লোরিডার বিশিষ্ট ব্যবসায়ী মনির হোসেন, ষ্টেট অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট ৩৬ থেকে আগামী নির্বাচনে প্রার্থী মেরী জোবায়দা আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সাংস্কৃতিক অনুষ্ঠানে দেশ ও প্রবাসের শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন। দু'দিনের অনুষ্ঠান চলাকালে হোম কেয়ার সার্ভিসেস, খাবার ও শাড়ী-কাপড়ের একাধিক স্টল ছিলো। এসব স্টলে ব্যাপক দর্শক-ক্রেতার সমাগম ঘটে।

উদ্বোধনী অনুষ্ঠান: ২০ সেপ্টেম্বর শনিবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র প্রতিষ্ঠাবার্ষিকী দু'দিনের অনুষ্ঠান শুরু হয়। এরপর টাইম টেলিভিশনের থিম সং পরিবেশিত হওয়ার পর স্বাগত বক্তব্য রাখেন বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের। এরপর 'হাও দ্যা কমিউনিটি বিজনেস অ্যাম্পাওয়ারিং টু দ্যা কমিউনিটি প্রোসপেক্টস এন্ড এএমপি চ্যালেঞ্জেস' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। কমিউনিটি অ্যাক্টিভিষ্ট সৈয়দ আল আমীন রাসেলের সঞ্চালনায় সেমিনারে কী নোট স্পীকার ছিলেন আহাদ আলী সিপিএ। আলোচনায় অংশ নেন প্রবীণ প্রবাসী নাসির খান পল, বেস্ট কেয়ার হোম সার্ভিসেস এর সিইও ব্যার্নার শেল, বিশিষ্ট ব্যবসায়ী কাজী হেলাল আহমেদ, কল্লোল আহমেদ প্রমুখ। প্রশ্নোত্তর পর্বের মধ্যদিয়ে সেমিনার শেষ হয়।

পরবর্তীতে বিশিষ্ট *১০-এর পৃষ্ঠায় দেখুন*






# জেএফকে'তে ডিমকান্ডঃ স্যাবোটাজ না ব্যাকলামি!

*শেষ পৃষ্ঠায় পর* তিনি নেতাদেরকে তোপের মুখে ফেলে এলেন! জানতেন না টার্মিনালের বাইরে কি অবস্থা! ইন্টেলিজেন্স তো জানতো। তারা তাকে সে ইনফরমেশন প্রভাইড করেনি! এটা তো হওয়ার কথা না। বিমানের বিজনেস ক্লাশে বসিয়ে সারা রাস্তা আমোদ আনন্দ করে নিয়ে এলেন, অথচ নেমেই নিজের পথ দেখলেন! এটা কেমন ভদ্রতা হলো! তাছাড়া ওরা তো উনার মেহমান। দেশে ফিরিয়ে না নিয়ে যাওয়া পর্যন্ত উনিই তাদের অভিভাবক। এই নাকি অভিভাবকত্ব!

পরশু জেএফকের ঘটনা অনেকগুলো প্রশ্নের জন্ম দিয়েছে। বিভিন্ন সোর্স এবং মাধ্যম থেকে পাওয়া তথ্যে যা জানা গেছে:

১। প্রফেসর ইউনুস এবং তার সফরসঙ্গীরা এমিরেটস এয়ারলাইনে ভ্রমণ করেছেন। আর দুনিয়ার লোকে জানে এমিরেটস জেএফকে'র চার নম্বর টার্মিনালে নামে। প্রথম রহস্য: বিএনপির নেতাকর্মীরা স্বাগত: জানাতে আট নম্বর টার্মিনালে গেলেন কেন! এই সফরের আয়োজক জাতিসংঘে বাংলাদেশের পার্মানেন্ট মিশন। তারাই পুরো ব্যাপারটা দেখভাল করছে। সাথে নিউইয়র্ক কনস্যুলেট অফিস। দূতাবাসের প্রেস মিনিস্টার জানিয়েছেন, চার নম্বর টার্মিনালে হট্টগোল হবার আশংকায় মিশন থেকে নাকি আগেই এয়ারপোর্ট অথরিটির কাছে অনুরোধ জানানো হয়েছিল যাতে প্রফেসর ইউনুসের সফরসঙ্গীদেরকে আট নম্বর টার্মিনাল দিয়ে বের করে দেওয়া হয়। এ ব্যাপারে কর্তৃপক্ষ থেকে কোন নিশ্চয়তা দেওয়া হয় নাই, অথচ মিশন থেকে বিএনপির নেতাদেরকে জানানো হয় সফরকারি নেতারা আট নম্বর দিয়ে বের হবেন। সেই মতে বিএনপি ব্যানার ফেষ্টুন নিয়ে আট নম্বরে গিয়ে অবস্থান নেয়।

২। একই খবর আওয়ামী লীগের কাছেও পৌঁছায়। তারাও আট নম্বরে যায়। প্রশ্ন হলো আওয়ামী লীগকে এই গোপন খবরটা দিলো কে!

৩। বের হওয়ার নির্দ্ধারিত সময় পার হয়ে যাওয়ার বেশ অনেকক্ষণ পর পর্যন্ত বিএনপির নেতা-কর্মীরা আট নম্বরে অবস্থান করেন। এক পর্যায়ে দায়িত্বশীল কর্তৃপক্ষ থেকে তাদেরকে জানানো হয় অতিথিরা প্রফেসর ইউনুসের সাথে ভিআইপি প্রটোকলে বের হয়ে হোটেলে চলে গেছেন। আগতরা হতাশ মনে যার যার মত ফিরে যান। অথচ মীর্জা ফখরুল ইসলাম আলমগীরসহ নেতারা তখনও এয়ারপোর্টের ভেতরে। কারা এবং কিসের ভিত্তিতে বিএনপির লোকজনকে ভূয়া খবরটা দিয়েছিল!

৪। প্রফেসর ইউনুস ও তার সরকারি সফরসঙ্গীরা অফিশিয়াল পাসপোর্ট এবং ইউএন ভিসায় ভ্রমন করেন কিন্তু নেতারা এসেছেন অর্ডিনারি পাসপোর্টে বি ওয়ান বি টু ভিসায়। ফলে চার নম্বর টার্মিনালের ইমিগ্রেশনে তাদেরকে সাধারন লাইনে দাঁড়াতে হয়। প্রথমত: এখানে তাদের সময় লাগে, দ্বিতীয়ত: প্রত্যেকের বায়োমেট্রিক করতে অতিরিক্ত আরও সময় লাগে। সরকারের লোকদের কাছে এ খবরটা ছিল না, এটা কি বিশ্বাষযোগ্য। নেতাদেরকে এয়ারপোর্টে ফেলে কোন আক্কেলে সবাই চলে এসেছিলেন! তাদেরকে অফিশিয়াল প্রটোকলে এয়ারপোর্ট থেকে হোটেলে পৌঁছে দেওয়ার কোন ব্যবস্থা কেন রাখা হয় নাই!

৫। বলা হচ্ছে প্রফেসর ইউনুস নাকি বিমান থেকে নেমে ইমিগ্রেশন কর্তৃপক্ষকে নিজে অনুরোধ করেছিলেন যেন তার বেসরকারি সফরসঙ্গীদেরকে তার সাথেই ভিআইপি গেট দিয়ে বের হতে অথবা অন্য টার্মিনাল ব্যবহার করতে দেওয়া হয়। কর্তৃপক্ষ আইনী সীমাবদ্ধতার কারনে তার সে অনুরোধ রাখতে অপারগতা জানায়। যখন প্রফেসর সাহেব জেনে গেলেন নেতাদেরকে সাধারন গেট দিয়েই বের হতে হবে, তাদের পর্যাপ্ত নিরাপত্তা এবং সেফ এগজিটের ব্যবস্থা নিশ্চিত না করে দলবল নিয়ে তিনি এয়ারপোর্ট ত্যাগ করলেন কেন! এটা কেমনতরো আক্কেল!

৬। বিএনপি এবং আওয়ামী লীগের নেতা-কর্মীরা আট নম্বরে গিয়ে বসে রইলেন অথচ জামাতের কাউকে সেখানে দেখা গেল না। তারা পুরোটা সময় চার নম্বরের এ্যারাইভাল লাউঞ্জেই থাকলেন, এমনভাবে- যেন আত্মীয় পরিজন কাউকে রিসিভ করতে এসেছে। কোন সমাবেশ না শ্লোগান না ব্যানার না। তারা কিভাবে নিশ্চিত ছিল নেতারা চার নম্বর দিয়েই বের হবেন!

৭। ইমিগ্রেশন এবং বায়োমেট্রিক শেষ করে নেতারা যখন লাগেজ বেল্টে আসেন ততক্ষনে আট নম্বরে কেউ নাই। বিএনপির নেতাকর্মীরা যার যার বাড়ীর পথে, আওয়ামী লীগেরও অনেকে চলে গেছে। হঠাৎ করে তাদের কয়েকজনকে চার নম্বরে আসতে দেখা যায়। এ সময় তাদের মধ্যে চাঞ্চল্য লক্ষ্য করা যায়। নেতারা যে কিছুক্ষনের মধ্যেই বের হবেন এই খবরটা তাদেরকে কে দিয়েছিলো!

৮। লাগেজ বেল্ট থেকে ব্যাগ নিয়ে নেতারা কি বাইরের পরিস্থিতি, নিরাপত্তা ব্যবস্থা বা তাদের দলের লোকজন আছে কি না সে ব্যাপারে নির্ভরযোগ্য খবর নিয়েছিলেন! খবর না নিয়েই যদি বের হয়ে থাকেন, এটা ছিল চরম ব্যাকলামি। আর যদি কেউ খবর দিয়ে থাকে যে সব ঠিক আছে, তা ছিল ভূয়া। কারন বাইরে বিএনপির কেউই ছিল না। ফলে বের হয়েই তারা আওয়ামী লীগের তোপের মুখে পড়েন। কার্যত মনে হয়েছে পুরো চত্বরটাই তখন আওয়ামী লীগের দখলে।

৯। এইযে এতবড় একটা ঘটনা, ইন্টেলিজেন্সের লোকেরা কি করেছে! আমরা জানি দূতাবাসে দেশের কয়েকটা গোয়েন্দা বিভাগের লোক থাকে। প্লাশ প্রফেসর ইউনুসের সাথে ঢাকা থেকে এসেছে এক পাল। তারা কি করেছে! তাদের কি ভূমিকা ছিল! তারা কোন তথ্যই আগাম জানতে পারে নাই! নাকি জেনেও চেপে গেছে!

১০। জামাতের লোকেরা প্রথম থেকে চার নম্বরেই বসে ছিল। কারন তারা জানতো নেতারা এই টার্মিনাল দিয়েই বের হবেন। বাংলাদেশের সরকারি কর্মকর্তারা যখন কখনও ভূয়া কখনও বিভ্রান্তিকর তথ্য দিচ্ছিলো জামাত তখন আইনকানুন ঘেঁটে নিশ্চিত হয় সাধারন পাসপোর্টের যাত্রীদের অন্য টার্মিনাল দিয়ে বের হওয়ার সুযোগ নাই। শুধু তাই না, ভেতরে তাদের লোকও সেট করা ছিল। ভেতর থেকে কন্টিনিউয়াস ডেভলপমেন্ট জানতে পারছিলো। তাদের নেতারা যখন ব্যাগ সংগ্রহ করে রেডি তখনই তাদেরকে বলা হয় কোন পথ দিয়ে বের হতে হবে। নেতাদের আসার মাত্র মিনিট কয়েক আগে সমবেত কয়েক শ' নেতাকর্মী হঠাৎ দাঁড়িয়ে যায়। এর আগে বোঝাই যায় নাই এরা সবাই জামাত নেতাদেরকে রিসিভ করতে এসেছে! একজনের কাছ থেকে একটা ব্যানার বের হয়। মাত্র কয়েক মিনিটের মধ্যে নিজেদের নেতাদেরকে কর্ডন করে নিয়ে গাড়ীতে তুলে দেয়। আওয়ামী লীগের লোকেরা কিছু বুঝে ওঠার আগেই গাড়ী এয়ারপোর্ট থেকে বের হয়ে যায়। কথা হচ্ছে জামাত যদি পুরো অপারেশনটা মেটিকুলাসলি সফল করতে পারে বাংলাদেশের বাঘা বাঘা সব সরকারি কর্মকর্তারা বিএনপির এই যে শত শত নেতাকর্মী, লন্ডন থেকে তারেক রহমানের পাঠানো বিশেষ দূত- উনারা কেন উড়া খবরের ওপর বিশ্বাষ করে ঠক খেলেন!

ঠক খেলেন, না ঠক খাওয়ানো হলো!

